দৈনিক সংবাদ

42

JUL 30 1999

তারিখ ... JUL ...
পৃষ্ঠা ২ কলাম ৬

### ডিআইআইটির মুক্ত আলোচনায় বক্তারা

# তথ্য প্রযুক্তির মাধ্যমেই নতুন প্রজন্ম স্বপ্নের বাংলাদেশ গড়তে পারে

(নিজস্ব বার্তা পরিবেশক)

ডেফোডিল ইন্সটিটিউট অফ ইনফর-মেশন টেকনোলজির (ডিআইআইটি) মুক্ত তথ্য প্রযুক্তি সম্মেলনে বক্তারা বলেছেন, তথ্য প্রযুক্তির মাধ্যমেই বর্তমান প্রজন্ম নতুন বাংলাদেশ গড়ার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে পারে। এ ব্যাপারে আমাদের প্রয়োজন সংবাদ মাধ্যম, কম্পিউটার বিশেষজ্ঞ, ব্যবসায়ী এবং কম্পিউটার উৎসাহী সকলের সঠিক নির্দেশনা।

এ উপলক্ষে গত বুধবার সকাল ১০টা হতে পাবলিক লাইব্রেরি মিলনায়তনে 'বাংলাদেশে কম্পিউটার শিক্ষা' এবং 'বাংলাদেশে কম্পিউটারের প্রভাব'- এ দুটি পৃথক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনার দু'টির আয়োজন করে ডেফোডিল কম্পিউ-টার্সের ট্রেনিং প্রতিষ্ঠান ডিআইআইটি।

প্রথমে 'বাংলাদেশে কম্পিউটারের প্রভাব' শীর্ষক সেমিনারে সভাপতিত্ব করেন অধ্যাপক ডঃ জামিলুর রেজা চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে সেমিনারে আলোচনা করেন ডেইলি স্টার পত্রিকার সম্পাদক মাহফুজ আনাম, ভোরের কাগজের ভারপ্রাপ্ত সম্পাদক বেনজীর আহমেদ, কম্পিউটার জগৎ-এর নির্বাহী সম্পাদক শামীম আখতার তুষার, কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক অধ্যাপক আবদুস সোবহান প্রমুখ।

'বাংলাদেশে কম্পিউটার শিক্ষা' শীর্ষক দ্বিতীয় সেমিনারে সভাপতিত্ব করেন পরমাণু বিজ্ঞানী ডঃ ওয়াজেদ মিয়া। এ পর্বে আলোচনা করেন বিসিএস-এর সভাপতি আফতাবুল ইসলাম, সাধারণ সম্পাদক আহমেদ হাসান, বেসিস-এর সভাপতি এ তৌহিদ, সাধারণ সম্পাদক হাবিবুল্লাহ এন করিম প্রমুখ।

সেমিনারশেষে বিকেল ৪টায় সমাবর্তন অনুষ্ঠানের মাধ্যমে কম্পিউটার ট্রেনিং সেন্টারে ছাত্রছাত্রীদের সার্টিফিকেট বিতরণ করা হয়।